অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/22/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অর্থবছর 2025 এর নিউ ইয়র্ক স্টেট বাজেটের ঐতিহাসিক বিনিয়োগসমূহ ঘোষণা করলেন

ভারসাম্যপূর্ণ 237 বিলিয়ন মার্কিন ডলারের বাজেট আয় কর বা স্টেটব্যাপী ব্যবসার কর বৃদ্ধি করে না

গভর্নর হোকল আবাসন সরবরাহ বৃদ্ধি করতে এবং ভাড়াটিয়াদের সুরক্ষিত রাখতে ল্যান্ডমার্ক আবাসন চুক্তি সম্পাদন করেছেন

সংঘবদ্ধ খুচরা চুরির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে এবং ব্যবসার মালিকদের নিরাপত্তা বৃদ্ধিতে সাহায্য করে

ঘৃণা অপরাধ হিসেবে প্রসিকিউশনের যোগ্য অপরাধ সম্প্রসারিত করে; প্রার্থনার গৃহ সুরক্ষিত রাখতে 35 মিলিয়ন মার্কিন ডলার

নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা ব্যবস্থার সমর্থনে মেডিকেইডে 35.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে

নিউ ইয়র্কের সেফটি নেট হাসপাতালগুলির রূপান্তর সমর্থন করার জন্য বার্ষিক 550 মিলিয়ন মার্কিন ডলার

কমবয়সীদের মানসিক স্বাস্থ্যসেবা এবং মানসিকভাবে মারাত্মক অসুস্থ নিউ ইয়র্কবাসীর জন্য সংস্থান বৃদ্ধি করে

স্কুল এইড 1.3 বিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি করে প্রায় 36 বিলিয়ন মার্কিন ডলার করা এবং পঠনের বিজ্ঞান শিখানোর জন্য "ব্যাক টু বেসিকস" এ ফেরত যাওয়া

নিউ ইয়র্কে অবৈধ গাঁজা কর্মকাণ্ডের বিস্তার রোধ করতে পদক্ষেপ

নিউ ইয়র্কের এম্পায়ারAI কনসোর্টিয়াম প্রতিষ্ঠা করতে 275 মিলিয়ন মার্কিন ডলার

পরিবহন ব্যবস্থায় 8.7 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর জন্য 7.7 বিলিয়ন মার্কিন ডলার, রাস্তার গর্ত ভরাট করার জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার

পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তর ত্বরান্বিত করা, 25 মিলিয়ন গাছ লাগানো, এবং পরিষ্কার পানি নিরাপদ রাখার জন্য পদক্ষেপ

প্রত্যেক সম্প্রদায়ের সদস্যদের বিকাশ ও সমৃদ্ধিতে সাহায্য করা, গর্ভপাত সেবার সমর্থনে 36 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে

দুগ্ধজাত পণ্য শিল্পখাতের নেতা হিসেবে নিউ ইয়র্ক স্টেটকে অগ্রসর করার জন্য 55 মিলিয়ন মার্কিন ডলার

গভর্নর ক্যাথি হোকল আজকে এই সপ্তাহান্তে আইনসভায় পাশ হওয়া অর্থবছর 2025 এর প্রণীত বাজেটের অন্তর্ভুক্ত ঐতিহাসিক বিনিয়োগ ঘোষণা করলেন। 237 বিলিয়ন মার্কিন ডলারের বাজেটটি আয় কর বৃদ্ধি না করে নিউ ইয়র্কের মানুষের জন্য রেকর্ড পরিমাণ বিনিয়োগ করে। এতে কয়েকশত নতুন বিনিয়োগ রয়েছে যা অপরাধের মোকাবেলা করতে, আমাদের মানসিক স্বাস্থ্য ব্যবস্থা ঠিক করতে, এবং নিউ ইয়র্কে বসবাস ও সমৃদ্ধি করা যাতে মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে থাকে তার জন্য আরো আবাসন নির্মাণে সাহায্য করবে।

"আমরা একটি সাধারণ বুদ্ধির এজেন্ডা প্রদান করছি যা নিউ ইয়র্ককে আরো নিরাপদ ও সাশ্রয়ী করবে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসীদের জন্য লড়াই করার এবং কাঁটাযুক্ত সমস্যার সমাধান করার প্রতিশ্রুতি আমি করেছিলাম এবং আমরা ঠিক তাই করেছি।"

একটি ভারসাম্যপূর্ণ বাজেট

গভর্নর হোকলের অর্থবছর 2025 এর বাজেট নিউ ইয়র্কের মানুষের জন্য রেকর্ড বিনিয়োগ করে এবং একই সাথে আর্থিক দায়িত্ব রক্ষা করে। ব্যয় করা সকল তহবিল হলো প্রতি বছর এক শতাংশ করে বৃদ্ধি পেয়ে 237 বিলিয়ন মার্কিন ডলার।অর্থবছর 2025 এর বাজেট আয় বা স্টেটব্যাপী ব্যবসার কর বৃদ্ধি করে না এবং "কঠিন সময়ের" জন্য স্টেট রিজার্ভকে স্বর্ণ মানদণ্ডের 15 শতাংশে বজায় রাখে।

ল্যান্ডমার্ক আবাসন চুক্তি

গভর্নর ক্যাথি হোকল অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে একটি ঐতিহাসিক চুক্তি সম্পাদন করেছেন যা আবাসন সরবরাহ বৃদ্ধি করে, ক্রয়ক্ষমতার প্রচার করে, নিউ ইয়র্কের ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য সুরক্ষা বলীয়ান করে, এবং আবাসনে পক্ষপাত ও বৈষম্যের মোকাবেলা করার মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সঙ্কটকে সমাধান করবে।

গভর্নর হোকলের আবাসন এজেন্ডার মধ্যে রয়েছে:

- **নিউ ইয়র্ক সিটিতে আরো আবাসন তৈরির** একটি ল্যান্ডমার্ক পরিকল্পনা, যার মধ্যে রয়েছে সাশ্রয়ী আবাসন নির্মাণের জন্য নতুন **485-x** কর প্রণোদনা প্রতিষ্ঠা, ইতিমধ্যে পাইপলাইনে থাকা প্রকল্পসমূহের জন্য **421-a** কর প্রণোদনাকে ছয় বছর বিস্তৃত করা, সেকেলে **12 FAR ঘনত্বের সীমাকে** পরিবর্তন করা, **অব্যবহৃত অফিস স্পেসকে** সাশ্রয়ী আবাসনে রূপান্তর করার প্রণোদনা তৈরি করা।
- **স্টেটব্যাপী আবাসন নির্মাণ সূচনা করার** জন্য নতুন উদ্যোগ, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক সিটির বাইরে আবাসন নির্মাণের জন্য একটি নতুন **421-p** কর প্রণোদনা, বিবেচনামূলক তহবিলের **650 মিলিয়ন মার্কিন ডলার** যাতে আবাসন বান্ধব সম্প্রদায়ে (Pro-Housing Communities) যায় তা বাধ্যতামূলক করা, স্টেটের জমিতে 15,000টি পর্যন্ত নতুন বাসা নির্মাণের জন্য **500 মিলিয়ন মার্কিন ডলার** বরাদ্দ, এবং **অ্যাক্সেসরি বসবাসের ইউনিটের (Accessory Dwelling Units, ADU)** জন্য প্রণোদনা।
- **ভাড়াটিয়া ও বাড়ির মালিকের জন্য ঐতিহাসিক সুরক্ষা**, ভাড়াটিয়াদের জন্য মূল্য বৃদ্ধি বিরোধী ব্যবস্থা, উচ্ছেদের বিরুদ্ধে আরো বলীয়ান সুরক্ষা, এবং ডিড চুরি থেকে বাড়ির মালিকদের সুরক্ষিত রাখতে নতুন বলবৎকরণ এবং প্রতিরোধমূলক ব্যবস্থা, এবং স্কোয়াটাররা যে ভাড়াটিয়া নয় সেই আইনকে জোরদার করা।
- স্টেটব্যাপী আবাসন সমর্থন করার জন্য **600 মিলিয়ন মার্কিন ডলারের বেশি** ক্যাপিটাল তহবিল।
- সেকশন 8 ভাউচার প্রাপক এবং সাশ্রয়ী আবাসন প্রদানকারীদের বিরুদ্ধে **আবাসন বৈষম্যের মোকাবেলা করা**।

আরো নিরাপদ একটি নিউ ইয়র্ক তৈরি

জননিরাপত্তা উন্নত করা, সংঘবদ্ধ খুচরা চুরির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, ক্রমবর্ধমান ঘৃণা অপরাধের মোকাবেলা করা, বন্দুক সহিংসতা এবং গৃহ নির্যাতন প্রতিরোধ করা, এবং অপরাধপ্রবণতা হ্রাস করা এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে পূর্বে কারাবন্দী ব্যক্তির জন্য পুনরায় প্রবেশ উন্নত করার জন্য বাজেট মুখ্য বিনিয়োগ ও সংশোধন করে।

অর্থবছর 2025 এর বাজেটে রয়েছে:

- বন্দুক সহিংসতা হ্রাস ও প্রতিরোধ করতে নিউ ইয়র্কের প্রয়াস অব্যাহত রাখার জন্য **347 মিলিয়ন মার্কিন ডলার**।
- খুচরা চুরি বিষয়ক আইন বলবৎকরণ সম্প্রসারিত করে এবং খুচরা বিক্রেতাদের আক্রমণ করা অপরাধীদের শাস্তি বৃদ্ধির মাধ্যমে খুচরা চুরির বিরুদ্ধে ব্যবস্থার জন্য **40.2 মিলিয়ন মার্কিন ডলার** এবং নিরাপত্তা সংস্থানে বিনিয়োগ করার জন্য ব্যবসার মালিকদের জন্য **3,000 মার্কিন ডলার কর ক্রেডিট**।
- গৃহ নির্যাতনের অপরাধ প্রতিরোধ ও প্রসিকিউট করার জন্য **35.8 মিলিয়ন মার্কিন ডলার**।
- ঘৃণা অপরাধ হিসেবে প্রসিকিউট করা অপরাধের সংখ্যা বৃদ্ধি করার মাধ্যমে এবং প্রার্থনার ঘর, ধর্মীয় স্কুল এবং অন্যান্য ঝুঁকিগ্রস্ত সাইটকে সুরক্ষিত রাখবে এমন ঘৃণার বিরুদ্ধে সম্প্রদায়সমূহকে সুরক্ষিত রাখার অনুদানে (Securing Communities Against Hate

Grant) বিনিয়োগ করার মাধ্যমে ঘৃণার ক্রমবর্ধমান জোয়ারের মোকাবেলা করতে **35 মিলিয়ন মার্কিন ডলার**।
- প্যারোলে থাকা ব্যক্তিদের আরো কঠোর সুপারভিশন প্রদান, ক্রান্তিকালীন আবাসন সুযোগ সম্প্রসারণ, স্টেটের সকল কারাগারে কলেজ কর্মসূচি সম্প্রসারণ করা, এবং সাক্ষাৎকারীদের জন্য স্টেটের সংশোধন ফ্যাসিলিটিসমূহে (State Correctional Facilities) যাওয়া আসা করার জন্য পরিবহন প্রদান করার মাধ্যমে অপরাধপ্রবণতা হ্রাস করা এবং কর্মক্ষেত্রে পুনরায় প্রবেশ করার ব্যবস্থা উন্নত করার জন্য **7.1 মিলিয়ন মার্কিন ডলার**।

সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্বাস্থ্যসেবা উন্নত করা

গভর্নর হোকলের অর্থবছর 2025 এর বাজেট নিউ ইয়র্কবাসীকে স্বাস্থ্যবান রাখার জন্য রেকর্ড তহবিল প্রদান করে, এবং একই সাথে মেডিকেইড কর্মসূচিকে টেকসই দীর্ঘমেয়াদি আর্থিক অবস্থানে স্থাপন করে। ঐতিহাসিক একটি 37 বিলিয়ন মার্কিন ডলারের মেডিকেইড (Medicaid) বিনিয়োগ স্বাস্থ্যসেবার সেফটি নেটের সমর্থন এবং স্বাস্থ্যসেবা প্রদান কার ব্যবস্থা রূপান্তরে স্টেটের প্রতিশ্রুতিকে বজায় রাখে, এবং একই সাথে সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারিত করতে এবং কর্মীবাহিনীকে সমর্থন করতে সাহসী বিনিয়োগ করছে। বাজেটে রয়েছে স্টেটের সম্প্রতি অনুমোদিত মেডিকেইড 1115 মওকুফ সংশোধন, যা পুরো স্টেটে স্বাস্থ্য সমতার প্রচার করতে 7.5 বিলিয়ন মার্কিন ডলার ফেডারেল ও স্টেট তহবিল বিনিয়োগ করে।

এছাড়াও অর্থবছর 2025 এর বাজেট মাতৃত্বকালীন এবং নবজাতকের স্বাস্থ্যসেবার ফলাফল উন্নত করতে গভর্নরের অগ্রাধিকারকে অগ্রসর করে। বিদ্যমান বারো সপ্তাহের পেইড পারিবারিক ছুটিকে প্রভাবিত না করে, অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত হওয়ার জন্য যোগ্য কর্মচারীদের 20 ঘণ্টা পর্যন্ত ছুটির অনুমোদন প্রদানের মাধ্যমে গর্ভবতী মহিলাদের জন্য জন্মের পূর্ববর্তী সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারিত করা দেশের প্রথম স্টেট হবে নিউ ইয়র্ক।

এছাড়াও অর্থবছর 2025 এর বাজেটে নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীকে মেডিকেইড বকেয়া মামলা থেকে সুরক্ষা দিতে নতুন সাহসী বিধিমালা থাকবে যেখানে ফেডারেল দারিদ্র্য সীমার 400 শতাংশ নিচে, বা চার সদস্যের পরিবারের জন্য 120,000 মার্কিন ডলারের কম উপার্জন করা রোগীদের বিপক্ষে মামলা করা হাসপাতালগুলির জন্য নিষিদ্ধ করবে। এছাড়াও বিধিমালাটি নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য হাসপাতালের আর্থিক সহায়তা কর্মসূচি বিস্তৃত করবে, মাসিক পেমেন্টের আকার এবং মেডিকেল বকেয়ার জন্য গৃহীত সুদ সীমিত করবে, এবং আর্থিক সহায়তা পাওয়ার সুযোগ উন্নত করার জন্য এবং নিউ ইয়র্কবাসীর উপর মেডিকেল বকেয়ার ক্ষতিকর প্রভাব প্রশমনের জন্য অন্যান্য সুরক্ষা বাস্তবায়ন করবে।

অর্থবছর 2025 এর বাজেট অতি গুরুত্বপূর্ণ স্বাস্থ্যসেবা অগ্রাধিকারকে অগ্রসর করে যেমন:

- পুরো নিউ ইয়র্ক স্টেটের ভগ্নদশা হাসপাতালকে সমর্থন করার জন্য **3.2 বিলিয়ন মার্কিন ডলার**, যার মধ্যে রয়েছে 1115 মওকুফ দ্বারা সমর্থিত মেডিকেইড গ্লোবাল বাজেটের (Medicaid Global Budget) মাধ্যমে নিউ ইয়র্কের সেফটি নেট হাসপাতালগুলির রূপান্তর সমর্থন করার জন্য 550 মিলিয়ন মার্কিন ডলার।

- বিগত দুই বাজেটে উল্লেখযোগ্য হার বৃদ্ধির পাশাপাশি, হাসপাতাল, নার্সিং হোম, এবং অ্যাসিস্টেড লিভিং কর্মসূচিসমূহের জন্য অস্থায়ী ব্যয়পূরণে **825 মিলিয়ন মার্কিন ডলার** বৃদ্ধি।
- কোয়ালিফাইড হেলথ প্ল্যান্সে (Qualified Health Plans) নাম লেখানো নিম্ন থেকে মধ্যম আয়ের ব্যক্তিদের জন্য **315 মিলিয়ন মার্কিন ডলার** স্বাস্থ্য বীমা ভর্তুকি।
- একটি নতুন হেলথকেয়ার সেফটি নেট ট্রান্সফর্মেশন কর্মসূচি (Healthcare Safety Net Transformation Program) সমর্থন করার জন্য **300 মিলিয়ন মার্কিন ডলার** এবং নিয়ন্ত্রক নমনীয়তা।
- উন্নত তত্ত্বাবধানের মাধ্যমে মেডিকেইড সঞ্চয় এবং ভোক্তা নির্দেশিত ব্যক্তিগত সহায়তা কর্মসূচিতে (Consumer Directed Personal Assistance Program, CDPAP) দক্ষতার জন্য **200 মিলিয়ন মার্কিন ডলার**।
- নিউ ইয়র্কের উদ্ভাবনী রোগী কেন্দ্রিক মেডিকেল হোমস (Patient-Centered Medical Homes) মডেলের মাধ্যমে প্রদত্ত প্রাথমিক সেবার জন্য হার বৃদ্ধি করতে **148 মিলিয়ন মার্কিন ডলার**।
- বিভিন্ন এজিং এবং পাবলিক হেলথ কর্মসূচির জন্য **116 মিলিয়ন মার্কিন ডলার** অতিরিক্ত তহবিল, যার মধ্যে রয়েছে স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) পুষ্টি কর্মসূচির জন্য 27 মিলিয়ন মার্কিন ডলার এবং অতিরিক্ত অপূর্ণ প্রয়োজনীয় সেবার অর্থায়নে নিউ ইয়র্ক স্টেট অফিস অফ এজিংয়ের (New York State Office for the Aging, SOF) জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার।
- আর্লি ইন্টারভেনশন কর্মসূচির (Early Intervention Program) অধীনে সশরীরে গৃহীত সেবায় 5 শতাংশ হার বৃদ্ধির সমর্থনে, এবং সেই সাথে গ্রামীণ এলাকা এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে 4 শতাংশ হার মডিফায়ারের জন্য **19.5 মিলিয়ন মার্কিন ডলার** তহবিল।
- মেডিকেইড কর্মসূচিকে সমর্থন করার জন্য উপলভ্য স্বাস্থ্য সেবা রাজস্ব সর্বোচ্চ করার উপায় বিকাশের জন্য প্রণীত বাজেটটি স্টেটকে ফেডারেল সরকারের সাথে জড়িত হওয়ার অনুমোদন প্রদান করে, যার মধ্যে **ব্যবস্থাপিত সেবা সংগঠনের (Managed Care Organizations)** উপর কর রয়েছে।

মানসিক স্বাস্থ্য সঙ্কটের সমাধান

দীর্ঘ দিন ধরে, নিউ ইয়র্কের মানসিক স্বাস্থ্য সেবাখাত ঘাটতিতে ভুগছে। অনুরূপভাবে, কোভিড-19 মহামারী বহু নিউ ইয়র্কবাসীর উপর একটি দীর্ঘস্থায়ী প্রভাব ফেলেছে, যা মানসিক স্বাস্থ্য সমস্যার আরো অবনতি করেছে এবং স্টেটব্যাপী সেবার যথাযথ মাত্রার চাহিদার উপর আলোকপাত করেছে।

বহু নিউ ইয়র্কবাসীর অপূর্ণ মানসিক স্বাস্থ্য চাহিদা পূরণ করার জন্য, গভর্নর হোকলের 1 বিলিয়ন মার্কিন ডলারের বহু বছরের মানসিক স্বাস্থ্য পরিকল্পনার অনুবর্তী অর্থবছর 2025 এর বাজেট বিনিয়োগে রয়েছে:

- নির্দিষ্ট কিছু সাইটে মানসিক স্বাস্থ্য পরিস্থিতির চিকিৎসা প্রদান করার সেবার জন্য ব্যয়পূরণ বৃদ্ধি করতে **84 মিলিয়ন মার্কিন ডলার**।

- স্টেটব্যাপী 200টি নতুন ইনপেশেন্ট সাইকিয়াট্রিক শয্যা স্থাপন করতে **55 মিলিয়ন মার্কিন ডলার**, যার মধ্যে তিনটি অতিরিক্ত 25 শয্যার ট্রানজিশন টু হোম ইউনিট (Transition to Home Units, THUs) থাকবে।
- অপিওয়েড প্রস্তুতকারক এবং ফার্মাসিউটিক্যাল কোম্পানিসমূহের সাথে সেটেলমেন্ট চুক্তি থেকে প্রাপ্ত অর্থ বিতরণের ক্ষেত্রে দেশের শীর্ষে থাকতে **90 মিলিয়ন মার্কিন ডলার** অপিওয়েড সেটেলমেন্ট তহবিল।
- মানসিক অসুস্থতা নিয়ে বাস করা এবং অপরাধ বিচার ব্যবস্থায় জড়িয়ে পড়া ব্যক্তিদের সাথে জড়িত হওয়া উন্নত করতে **33 মিলিয়ন মার্কিন ডলার**।
- স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক স্যাটেলাইটের জন্য **20 মিলিয়ন মার্কিন ডলার** যা শিক্ষার্থী ও তাদের পরিবারের জন্য ক্লিনিক্যাল সেবা পাওয়ার সুযোগ সহজতর করে।
- স্কুল পরিবেশের বাইরে কমবয়সীদের অতি গুরুত্বপূর্ণ সেবা প্রদান করার জন্য **19 মিলিয়ন মার্কিন ডলার**, যার মধ্যে সম্প্রদায় ও আবাসিক পরিবেশে চিকিৎসা লাভ করা কমবয়সীদের জন্য সংস্থান বৃদ্ধি করা থাকবে।
- আত্মহত্যা প্রতিরোধ প্রয়াসসহ প্রথম সাড়াদানকারীদের জন্য মানসিক স্বাস্থ্য সমর্থন বৃদ্ধি করতে **2 মিলিয়ন মার্কিন ডলার**।

শিক্ষার্থী এবং স্কুলকে সমর্থন করা

নিউ ইয়র্কের সব শিক্ষার্থী প্রি-কিন্ডারগার্টেন থেকে কলেজ পর্যন্ত উচ্চ-মানসম্মত শিক্ষা পাওয়ার অধিকার রাখে। গভর্নর হোকল এবং আইনসভা অর্থবছর 2025 এর বাজেটে স্কুলের তহবিলকে অগ্রাধিকার প্রদান করেছেন এবং সেই সাথে নিউ ইয়র্ক স্টেটকে আরো সমতার স্কুল তহবিলের সূত্র পাওয়ার পথে স্থাপন করেছেন। এছাড়াও গভর্নর হোকল 'ব্যাক টু বেসিকস' বিধিমালা স্বাক্ষর করেছেন, যা নিউ ইয়র্কের স্কুলগুলিতে প্রমাণভিত্তিক পঠনের নির্দেশনার ব্যবহার নিশ্চিত করবে। পাশাপাশি, গভর্নর হোকল অর্থবছর 2025 এর বাজেটে নিউ ইয়র্কের শিক্ষার্থীদের জন্য কলেজকে আরো সাশ্রয়ী করার এবং উচ্চতর শিক্ষার পথ প্রদান করার ব্যবস্থা করেছেন।

অর্থবছর 2025 এর বাজেটে গভর্নর হোকলের শিক্ষায় অগ্রাধিকারের নিশ্চিত করা অর্থে আরো রয়েছে:

- মোট **36 বিলিয়ন মার্কিন ডলার** স্কুল এইড, যার মধ্যে **24.9 বিলিয়ন মার্কিন ডলার** ফাউন্ডেশন এইড (Foundation Aid) রয়েছে।
- নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) এবং নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটিতে (City University of New York, CUNY) ক্যাপিটাল প্রকল্পের জন্য **1.29 বিলিয়ন মার্কিন ডলার**।
- SUNY এবং CUNY কর্মকাণ্ডের জন্য **409 মিলিয়ন মার্কিন ডলার**।
- টিউশন সহায়তা কর্মসূচির (Tuition Assistance Program, TAP) **সর্বনিম্ন প্রদত্ত অর্থকে** 500 মার্কিন ডলার থেকে 1,000 মার্কিন ডলারে **বৃদ্ধি করা** এবং TAP যোগ্যতার জন্য শিক্ষার্থীদের আয়ের সীমাকে বৃদ্ধি করা।
- **ফাউন্ডেশন এইড নিরীক্ষা** এবং আগামী বছর সূত্রটি পরিবর্তনের প্রস্তুতি গ্রহণ করার জন্য একটি রকফেলার ইনস্টিটিউটের স্টাডি।
- দুই বছরের জন্য নিউ ইয়র্ক সিটিতে **মেয়রের নিয়ন্ত্রণ বৃদ্ধি করা।**

অবৈধ গাঁজা কর্মকাণ্ড বন্ধ করে দেওয়া এবং বৈধ বাজারকে সুরক্ষা প্রদান করা

গভর্নর হোকল অবৈধ গাঁজা কর্মকাণ্ডের বিস্তার শেষ করার প্রতিজ্ঞা করেছেন, এবং অর্থবছর 2025 এর বাজেটে এমন সংশোধন রয়েছে যা ঠিক তাই করার জন্য গাঁজা ব্যবস্থাপনা অফিস (Office of Cannabis Management, OCM) এবং স্থানীয় এলাকাসমূহকে ক্ষমতা প্রদান করবে।

সার্বিক পরিকল্পনায় রয়েছে:

- কোনো দোকান যদি অবৈধভাবে গাঁজা বিক্রি করে এবং স্বাস্থ্য ও নিরাপত্তার প্রতি তাৎক্ষণিক ঝুঁকির কারণ হয় তাহলে একটি পরিদর্শনের পর অবিলম্বে **দোকানে তালা লাগানোর** জন্য OCM এবং স্থানীয়দের অনুমোদন প্রদান করে।
- যেসব বাড়িওয়ালা নিজেদের আওতার অধীনে অবৈধ কার্যক্রম দেখেও দেখে না **তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ**।
- **স্টেটব্যাপী টাস্ক ফোর্সের সূচনা** যারা অবৈধ দোকান বন্ধ করার জন্য নাগরিক বলবৎকারণ সম্পাদন করবে।
- লাইসেন্সবিহীন গাঁজার ব্যবসা নিয়ন্ত্রণ সম্পর্কিত আইন গ্রহণ করার জন্য শহর ও কাউন্টিগুলিকে অনুমোদন প্রদান করে **স্থানীয় কর্তৃত্বকে বিস্তৃত করবে**।
- গাঁজা পরিদর্শন, লঙ্ঘন জারি করার জন্য, এবং গাঁজা জব্দ করে দোকানে তালা লাগানোর জন্য নিউ ইয়র্ক সিটিকে **তাৎক্ষণিক বলবৎকরণ ক্ষমতা প্রদান করবে।**

নিউ ইয়র্ক স্টেটে উদ্ভাবন নিয়ে আসতে ঐতিহাসিক বিনিয়োগ

এছাড়াও নিউ ইয়র্ক স্টেটে একটি একবিংশ শতাব্দীর অর্থনীতি গঠন করতে এবং মুখ্য, দ্রুত বিকাশমান খাতে উদ্ভাবন সম্ভব করার জন্য গভর্নর হোকল অর্থায়ন নিশ্চিত করেছেন। বাজেট নিউ ইয়র্কের ব্যবসা খাতকে জোরদার করার বিনিয়োগ করে, কর্মীদেরকে আগামীদিনের চাকরি ও ক্যারিয়ারের জন্য প্রস্তুত করে, এবং অর্থনৈতিক প্রাণোচ্ছলতায় পূর্ণ প্রাণবন্ত সম্প্রদায় তৈরি করে, বাজেটটিতে রয়েছে:

- NYCREATES এর অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সের জন্য **500 মিলিয়ন মার্কিন ডলার** তহবিল যা নিউ ইয়র্কের আগামী প্রজন্মের চিপস গবেষণা নিয়ে আসতে একটি 10 বিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব শুরু করে দিবে।
- এম্পায়ার AI এর সমর্থনে 10 বছরের বেশি সময়ে **275 মিলিয়ন মার্কিন ডলার** বিনিয়োগ, এটি একটি অনন্য কনসোর্টিয়াম যা কৃত্রিম বুদ্ধিমত্তার গবেষণার সম্মুখসারিতে নিউ ইয়র্কের অবস্থান নিশ্চিত করবে।
- আপস্টেট নিউ ইয়র্কে চারটি ON-RAMP কর্মীবাহিনী বিকাশ কেন্দ্রের জন্য **200 মিলিয়ন মার্কিন ডলার** যা কর্মীদেরকে আধুনিক প্রস্তুতকরণ এবং অন্যান্য বিকাশমান শিল্পখাতে ভবিষ্যতের চাকরির জন্য প্রশিক্ষণ প্রদান করবে।
- ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative) আরেকটি রাউন্ডের অর্থায়নের জন্য **100 মিলিয়ন মার্কিন ডলার**।
- NY ফরোয়ার্ডের (NY Forward) আরেকটি রাউন্ডের অর্থায়নের জন্য **100 মিলিয়ন মার্কিন ডলার**।

- নির্মাণকাজের জন্য প্রস্তুত ট্র্যাক্টের কেন্দ্রীভূত আকর্ষণ নিউ ইয়র্ক (Focused Attraction of Shovel-Ready Tracts New York, FAST NY) এর আরেকটি রাউন্ডের অর্থায়নের জন্য **100 মিলিয়ন মার্কিন ডলার**।
- রিস্টোর নিউ ইয়র্কের (Restore NY) আরেকটি রাউন্ডের অর্থায়নের জন্য **50 মিলিয়ন মার্কিন ডলার**।
- নিউ ইয়র্কের শিল্প ও সাংস্কৃতিক খাতকে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের (New York State Council on the Arts) জন্য **80 মিলিয়ন মার্কিন ডলার** ক্যাপিটাল তহবিল।
- সংবাদপত্র এবং সম্প্রচার সাংবাদিকতার চাকরির সমর্থনে 30 **মিলিয়ন মার্কিন ডলার** কর ত্রাণ।

অবকাঠামোর আধুনিকায়ন এবং পুরো নিউ ইয়র্কে পরিবহনে বিনিয়োগ

গভর্নর হোকল পুরো স্টেটের অবকাঠামো এবং পরিবহনে অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ করেছেন, যার মধ্যে আছে রেকর্ড 33 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছরের পরিবহন বিভাগের (Department of Transportation, DOT) ক্যাপিটাল পরিকল্পনা এবং আর্থিক দুরারোহ অবস্থা থেকে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষকে (Metropolitan Transportation Authority, MTA) উদ্ধার করা। হাইওয়ে দ্বারা বিভক্ত সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত করা থেকে শুরু করে সাবওয়ে সেবা সম্প্রসারিত করা এবং স্টেটব্যাপী রাস্তার গর্ত ভরাট করা পর্যন্ত, এই বিনিয়োগগুলি নিউ ইয়র্ককে সকলের জন্য আরো সংযুক্ত, অ্যাক্সেসিবল এবং নিরাপদ করেছে।

সাফল্যের এই রেকর্ডের অনুবর্তী, অর্থবছর 2025 এর বাজেটে রয়েছে:

- স্টেটব্যাপী গণপরিবহন ব্যবস্থা পরিচালনা সমর্থনে **8.7 বিলিয়ন মার্কিন ডলারের** বেশি, যার মধ্যে রয়েছে MTA বহির্ভূত পরিবহন ব্যবস্থার জন্য পরিচালনা সমর্থন হিসেবে 884 মিলিয়ন মার্কিন ডলার।
- হাইওয়ে, ব্রিজ, রেল, এভিয়েশন, অবকাঠামো, MTA বহির্ভূত পরিবহন, এবং DOT ফ্যাসিলিটির উন্নয়নে রেকর্ড **33 বিলিয়ন মার্কিন ডলারের**, পাঁচ বছরের DOT ক্যাপিটাল পরিকল্পনার তৃতীয় বছরের জন্য প্রায় **7.7 বিলিয়ন মার্কিন ডলার**, যার মধ্যে স্থানীয় রাস্তা ও ব্রিজের জন্য **1.3 বিলিয়ন মার্কিন ডলার** রয়েছে।
- এর মধ্যে রয়েছে সম্মিলিত স্থানীয় সড়ক ও হাইওয়ে উন্নয়ন কর্মসূচির (Consolidated Local Street and Highway Improvement Program, CHIPS)জন্য **598 মিলিয়ন মার্কিন ডলার**, স্টেটের ট্যুরিং রুটের জন্য **140 মিলিয়ন মার্কিন ডলার**, এবং গভর্নর হোকলের পেভ আওয়ার পটহোলস কর্মসূচির (Pave our Potholes Program) জন্য **100 মিলিয়ন মার্কিন ডলার**।
- পুরো স্টেটজুড়ে সমতার সাথে **টোল এবং ভাড়া ফাঁকি বলবৎকরণের** জন্য নতুন ক্ষমতা, এবং লিমোজিন যাত্রীদের জন্য বর্ধিত সুরক্ষা।
- **স্যামিস ল (Sammy's Law)** পাশ করানো, যা নিউ ইয়র্ক সিটিকে এর গতিসীমাকে ঘণ্টায় 20 মাইলে কমিয়ে আনতে দেয়।

জলবায়ু পরিবর্তনের মোকাবেলা এবং স্থিতিস্থাপকতার প্রচার

প্রণীত বাজেটে রয়েছে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তর ত্বরান্বিত করা, 25 মিলিয়ন গাছ লাগানো এবং পরিষ্কার পানি নিরাপদ রাখার জন্য পদক্ষেপ। প্রকল্পের আন্তঃসংযোগ এবং ডিপ্লয়মেন্টের মাধ্যমে নবায়নযোগ্য পদক্ষেপ (Renewable Action through Project Interconnection and Deployment, RAPID) আইন পরিবেশ সংক্রান্ত পর্যালোচনা এবং বৈদ্যুতিক ট্রান্সমিশনের অনুমতি প্রদান এবং আন্তঃসংযোগ প্রক্রিয়া উন্নত করার জন্য একটি ওয়ান-স্টপ-শপ তৈরি করবে।

অর্থবছর 2025 এর বাজেটে যেসব পরিবেশ সংক্রান্ত উদ্যোগ রয়েছে:

- পরিষ্কার পানির জন্য **500 মিলিয়ন মার্কিন ডলার** এবং এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ডের (Environmental Protection Fund) জন্য **400 মিলিয়ন মার্কিন ডলার**।
- পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (Office of Parks, Recreation and Historic Preservation) জন্য **200 মিলিয়ন মার্কিন ডলার** এবং নিউ ইয়র্ক স্টেট পার্কসের শতবর্ষ উদযাপনের জন্য অতিরিক্ত **100 মিলিয়ন মার্কিন ডলার**।
- সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে সাঁতারের বন্দোবস্ত এবং লাইফগার্ডের জন্য বিনিয়োগের অভাব সমাধান করতে NY SWIMS এর জন্য **150 মিলিয়ন মার্কিন ডলার**।
- রেসিলিয়েন্ট অ্যান্ড রেডি কর্মসূচি (Resilient & Ready Program) তৈরির জন্য **40 মিলিয়ন মার্কিন ডলার** এবং বন্যা প্রতিরোধ এবং ঝড়ের সময় বিদ্যুৎ সরবরাহ অটুট রাখার ক্ষেত্রে স্থানীয় এলাকাসমূহকে সাহায্য করতে **15 মিলিয়ন মার্কিন ডলার**।
- 2033 সালের মধ্যে পুরো নিউ ইয়র্কে 25 মিলিয়ন গাছ লাগানোর জন্য **15 মিলিয়ন মার্কিন ডলার**।

প্রত্যেক সম্প্রদায়ের সদস্যদের বিকাশ ও সমৃদ্ধিতে সাহায্য করা

গভর্নর ক্যাথি হোকল অর্থবছর 2025 এর বাজেটের অংশ হিসেবে প্রত্যেক সম্প্রদায়ের সদস্যদের বিকাশ ও সমৃদ্ধিতে সাহায্য করার জন্য পদক্ষেপের একটি সিরিজ ঘোষণা করেছেন। এই পদক্ষেপগুলির মধ্যে রয়েছে গর্ভপাত পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে তহবিল নিশ্চিত করা, সামরিক ভেটেরানদের প্রয়োজন সনাক্ত করা, ফার্স্ট নেশন্সকে সমর্থন করা, এবং ট্রান্সজেন্ডার, জেন্ডার ননকনফর্মিং, এবং ননবাইনারি (transgender, gender non-conforming, and non-binary, TGNCNB) নিউ ইয়র্কবাসীদের জন্য বিনিয়োগ করা।

পদক্ষেপের মধ্যে রয়েছে:

- গর্ভপাত সেবা প্রদানকারী এবং নিউ ইয়র্কে গর্ভপাত সেবার সমর্থনে 36 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা।
- ধাত্রী সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারিত করা।
- ভেটেরানদের জন্য মানসিক স্বাস্থ্য সেবা ও সমর্থন সেবা বলীয়ান করা।
- ফার্স্ট নেশন্সের (First Nations) জন্য দাঁতের সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারিত করা।
- লোরেনা বোর্জাস (Lorena Borjas) তহবিলে স্টেটের বিনিয়োগ বৃদ্ধি করা, যা TGNCNB নিউ ইয়র্কবাসীকে সংস্থান ও সুযোগ প্রদান করে।

নিউ ইয়র্কের কৃষি শিল্পখাতকে বলীয়ান করা

গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেটের কৃষি অগ্রাধিকার এবং কৃষকদের জন্য বিনিয়োগ 2022 সাল থেকে 60 শতাংশ বৃদ্ধি পেয়েছে। অর্থবছর 2025 এর বাজেট যেভাবে গভর্নরের অগ্রগতির অনুবর্তী:

- দুগ্ধজাত পণ্য শিল্পখাতের নেতা হিসেবে নিউ ইয়র্ক স্টেটকে অগ্রসর করার জন্য **55 মিলিয়ন মার্কিন ডলার।**
- পরিবারসমূহকে জন্য তাজা খাবার পাওয়ার সুযোগ পেতে সাহায্য করতে এবং স্থানীয় কৃষকদের সমর্থন করার জন্য নরিশ নিউ ইয়র্ককে (Nourish NY) **50 মিলিয়ন মার্কিন ডলার** প্রদান করে।
- **বাড়িতে নিয়ে গিয়ে সেবনের জন্য অ্যালকোহল পানীয়ের বিক্রি আরো পাঁচ বছরের জন্য সম্প্রসারিত** করে রেস্টুরেন্ট ও বারসমূহকে সমর্থন করা।
- কৃষক এবং উৎপাদনকারীদের সমর্থন করার জন্য স্থানীয় সহায়তা হিসেবে **60 মিলিয়ন মার্কিন ডলারের** বেশি বিনিয়োগ করা।
- কর্নেল ইউনিভার্সিটিতে (Cornell University) নিউ ইয়র্ক স্টেট এনিমেল হেলথ ডায়াগনস্টিক সেন্টার (New York State Animal Heath Diagnostic Center) সম্প্রসারিত করার জন্য **19.5 মিলিয়ন মার্কিন ডলার** প্রদান করা।
- নিউ ইয়র্ক স্টেটের জৈব অর্থনীতির বিকাশ এবং আরো কৃষি উদ্যোগের জন্য **15 মিলিয়ন মার্কিন ডলারের** বেশি বরাদ্দ করা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন